

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

## জনসেবাই জনেনেতা হওয়ার একমাত্র পথ: মেয়র

জনসেবাই জনেনেতা হওয়ার একমাত্র পথ আর সে পথে হেটেই চট্টগ্রাম পৌরসভার প্রথম নির্বাচিত ভাইস চেয়ারম্যান, চট্টগ্রাম জেলা ও নগর আওয়ামী লীগের সাবেক সভাপতি মরহুম সিরাজুল হক মিয়া চিরস্মরণীয় হয়ে থাকবেন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার সকালে নগরীর চৈতন্যগলিতে মরহুম সিরাজুল হক মিয়ার ২৯তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে মরহুমের কবরে পুষ্পমাল্য অর্পণ করেন সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়ের, নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, আতাউল্লা চৌধুরী, আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত বেলাল, মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী।

উপস্থিত কাউন্সিলর ও জনতার উদ্দেশ্যে মেয়র বলেন, সিরাজুল হক মিয়া আমৃত্যু জনমানুষের বিশেষ করে শ্রমজীবীদের স্বার্থে লড়েছেন। তাঁর সংগ্রাম আমাদের অনুপ্রেরণা যোগায় বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে যেখানে ক্ষুদা-দারিদ্র শ্রেণীশোষন থাকবে না, প্রতিটি মানুষ বাঁচবে মানবিক মর্যাদায়। জনসেবা মানুষকে চিরস্মরণীয় করে। সিরাজুল হক মিয়া জনসেবার মাধ্যমে জননেতায় পরিণত হয়েছেন, আমাদের জন্য রেখে গেছেন অনুকরণীয় দৃষ্টান্ত।

স্মরণসভার পর মেয়র চৈতন্যগলি কবরস্থান সংলগ্ন ড়েনের কাজ পরিদর্শন করেন। সে সময় ওয়ার্ড কাউন্সিলর, সিটি কর্পোরেশনের প্রকৌশলী এবং প্রকল্প সংশ্লিষ্টদের সাথে এলাকার উন্নয়ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮